

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-২
(www.tmed.gov.bd)

নং- ৫৭.০০.০০০০.০৮৫.১১২.০২৭.১৬-৭৯৫

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ
১২ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: তদন্ত কর্মকর্তার সুপারিশের আলোকে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: নং-৩৭.২৫.০০০০.০০১.১৭.০০৩.১৬-১৬৯১, তারিখ: ৩১/১০/২০১৬খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন অষ্টগ্রাম বালিয়াপাড়া আলিম মাদ্রাসার অধ্যক্ষ জনাব মো: উছমান গণি কর্তৃক জেলা পরিষদ প্রদত্ত সরকারি অনুদানের অর্থ আত্মসাৎ ও অন্যান্য দুর্নীতি বিষয়ে তদন্তকারী কর্মকর্তার তদন্তের আলোকে যে সকল অভিযোগ প্রমাণিত হয়েছে ('ক', 'খ', 'গ', 'ঘ', 'ঙ' এবং 'ছ') এর বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণপূর্বক অত্র বিভাগ-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

(মো: আবদুল খালিক)
সহকারী সচিব (মাদ্রাসা-২)
১৫৪৯৩৯৬

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,
লেভেল-০৩, ৩৭/৩/এ, ইফাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপি:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। উপসচিব (প্রশাসন ও অর্থ) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-২
(www.tmed.gov.bd)

নং- ৫৭.০০.০০০০.০৮৫.১১২.০২৭.১৬-৭৯৭


তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ
১২ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ তদন্ত কর্মকর্তার সুপারিশের আলোকে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: ১. নং-৩৭.২৫.০০০০.০০১.১৭.০০৩.১৬-১৬৯১, তারিখ: ৩১/১০/২০১৬খ্রি।
২. নং- ৩৭.২৫.০০০০.০০১.১৭.০০৩.১৬-৭৪, তারিখ: ২২/০২/২০১৬খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত অভিযোগের বিষয়ে তদন্ত কর্মকর্তার সুপারিশ/মতামত এর আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

ক্র:নং	অভিযোগ	তদন্ত কর্মকর্তার সুপারিশ/মতামত
ক.	ঝালকাঠি জেলার নলছিটি উপজেলাধীন ইসহাকাবাদ আলিম মাদ্রাসার অধ্যক্ষ মো: জসিম উদ্দিন এর বিরুদ্ধে অনিয়ম ও দুর্নীতির সংক্রান্ত।	মাদ্রাসার গভর্নিং বডির সভাপতি জনাব মো: ফজলুল হক হাওলাদার মাদ্রাসার অধ্যক্ষ মো: জসিম উদ্দিন এর বিরুদ্ধে কোন প্রকার অনিয়ম বা দুর্নীতির তথ্য প্রমাণ উপস্থাপন করেন নি। তাই মাদ্রাসার অধ্যক্ষ মো: জসিম উদ্দিন এর বিরুদ্ধে অনিয়ম ও দুর্নীতির অভিযোগ প্রমাণিত হয়নি। মাদ্রাসার অর্থ ব্যাংক হিসাবে জমা করা হয় না। ব্যাংক হিসাব বিবরণী না থাকায় মাদ্রাসার আর্থিক স্বচ্ছতা নিশ্চিত করা সম্ভব নয়। বিষয়টি দুর্নীতির প্রমাণ না হলেও আর্থিক অনিয়ম হিসেবে বিবেচিত। এ বিষয়ে অধ্যক্ষ মো: জসিম উদ্দিনকে নির্দেশনা দেয়া যেতে পারে।
খ.	শহীদিয়া কামিল মাদ্রাসায় মামলা চলাকালীন সময়ে সহকারী শিক্ষক পদে নিয়োগ না দেয়া সংক্রান্ত।	সহকারী শিক্ষক পদে মোছা: আনজুমান আরা-র নিয়োগ কার্যক্রম ত্রুটিপূর্ণ, বিধিবিহীন। তাঁর চাকুরী সংক্রান্ত বিষয়ে মামলা চলমান। মামলা নিষ্পত্তি হওয়ার পর এ বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া যেতে পারে।


(মো: আবদুল খালেক)
সহকারী সচিব (মাদ্রাসা-২)
তারিখ: ১৫/১২/১৭

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,
লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপি:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। উপসচিব (প্রশাসন ও অর্থ) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। অফিস কপি।